

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৮৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪২, যিনি হাদীস লিখে রাখার পক্ষে মতামত প্রদান করেন না

بَابُ مَنْ لَمْ يَرَ كِتَابَةَ الْحَدِيثِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَنبَأَنَا الْجُرَيْرِيُّ، عَنْ أَبِي نَضْرَةَ، قَالَ: قُلْتُ لِأَبِي سَعِيدِ الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ،: أَلَا تُكْتِبُنَا، فَإِنَّا لَا نَحْفَظُ؟ فَقَالَ: «لَا، إِنَّا لَنْ نُكْتِبَكُمْ، وَلَنْ نَجْعَلَهُ قُرْآنًا، وَلَكِنِ احْفَظُوا عَنَّا، كَمَا حَفِظْنَا نَحْنُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

إسناده صحيح

বাংলা

৪৮৭. আবু নাযরাহ বলেন: আমি আবু সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুকে বললাম: আপনি কি আমাদেরকে (হাদীস) লেখাবেন না? কেননা, আমরা মনে রাখতে পারি না। তখন তিনি বললেন: না। আমরা কখনোই তোমাদেরকে লেখেবো না, আর না আমরা একে কুরআনে ('র মতো কিতাবে) পরিণত করব। বরং আমরা যেভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে মুখস্ত বা স্মরণ রেখেছি, তোমরাও তদ্ধপ আমাদের থেকে মুখস্ত বা হিফয করো।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: খতীব, তারুয়ীদুল ইলম পৃ: ৩৮ সহীহ সনদে, পৃ: ৩৬, ৩৭, ৩৮ অপর সনদে; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ৩৩৮, ৩৩৯,৩৪০; ইবনু আবী শাইবা ৯/৫২ নং ৬৪৯১; রমহরমুযী, আল মুহাদ্দিসুল ফাসিল নং ৩৬৩ সবাই বিভিন্ন সনদে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন